



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/ ৮১১

তারিখ: ৩০/০৭/২০২১

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ সড়ক দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৫, তারিখ: ২৫/০৭/২০১৯খ্রি:

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখস্থ রাস্তা পার হতে গিয়ে শিক্ষার্থীরা সড়ক দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা রোধকল্পে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরু করার প্রাক্কালে এবং ছুটি হওয়ার পর অর্থাৎ শিক্ষার্থীরা যখন প্রতিষ্ঠানে প্রবেশ করবে এবং প্রতিষ্ঠান ত্যাগ করবে সে সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিরাপদে রাস্তা পাড়াপারের ব্যবস্থা গ্রহণ করবে। সড়ক দুর্ঘটনা রোধকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের দিক নির্দেশনামূলক জারিকৃত পরিপত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বর্ণিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ,
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সংযুক্তি:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৫, তারিখ: ২৫/০৭/২০১৯খ্রি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৫

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

লক্ষ করা যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখস্থ রাস্তা পার হতে গিয়ে শিক্ষার্থীরা সড়ক দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা রোধকল্পে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরুর প্রাক্কালে এবং ছুটি হওয়ার পর অর্থাৎ শিক্ষার্থীরা যখন প্রতিষ্ঠানে প্রবেশ করবে এবং প্রতিষ্ঠান ত্যাগ করবে সে সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিরাপদে রাস্তা পারাপারের ব্যবস্থা করবেন। এ সময় রাস্তা পারাপারে সহযোগিতাকারী ব্যক্তি/ব্যক্তিবর্গ প্লাকার্ড বহন করতে পারেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পালাক্রমে এ দায়িত্ব পালন করার জন্য শিক্ষক কিংবা অন্যান্য দায়িত্ববান কর্মকর্তাদের নিয়োজিত করতে পারেন, স্কাউট-গার্লস গাইড/বি.এন.সি.সি. ও জ্যেষ্ঠ শিক্ষার্থীদেরও নিয়োজিত করা যেতে পারে। প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীদের রাস্তা পারাপারের স্থলে প্রয়োজনে জেব্রা ক্রসিং এর ব্যবস্থা করবেন। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তব্যরত ট্রাফিক পুলিশের সহযোগিতা নিতে পারেন। শিক্ষার্থীদের রাস্তা পারাপারে সহযোগিতা করার সময় যেন অনাকাঙ্ক্ষিত যানজট সৃষ্টি না হয় সেদিকেও বিশেষ নজর রাখতে হবে।

স্বাঃ/-

তারিখ: ২৫/০৭/২০১৯

(মো. সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৫

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয়ে অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. বিভাগীয় কমিশনার..... (সকল)।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করা সহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।

চলমান পাতা/২